আজ ২১ নভেম্বর সশস্ত্র বাহিনী দিবস, দেশজুড়ে নানা আয়োজন



ছবি: সংগৃহীত

আজ ২১ নভেম্বর সশস্ত্র বাহিনী দিবস। নানা কর্মসূচির মধ্য দিয়ে দিনটি পালন করছে সশস্ত্র বাহিনী। ফজরের নামাজের পর দেশের সব সেনানিবাস, নৌঘাঁটি ও বিমানবাহিনী ঘাঁটির মসজিদে বিশেষ মোনাজাতের মধ্য দিয়ে দিনের কর্মসূচি শুরু হয়।

দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও প্রধানমন্ত্রী তারেক রহমান পৃথক বাণী দিয়েছেন। সকালে ঢাকা সেনানিবাসের শিখা অনির্বাণে মুক্তিযুদ্ধে শহিদ সশস্ত্র বাহিনীর সদস্যদের স্মরণে পুষ্পস্তবক অর্পণ করেন রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী। পরে তিন বাহিনীর প্রধানও নিজ নিজ বাহিনীর পক্ষ থেকে শ্রদ্ধা জানান।

দিবসটি উপলক্ষে ঢাকা সেনানিবাসের আর্মি মাল্টিপারপাস কমপ্লেক্সে খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা ও তাঁদের উত্তরাধিকারীদের সংবর্ধনা দেবেন প্রধানমন্ত্রী। সেখানে মুক্তিযোদ্ধাদের শুভেচ্ছা স্মারক দেওয়া হবে। বিকেল ৬টায় সেনাকুঞ্জে আরেকটি সংবর্ধনার আয়োজন করা হয়েছে। এতে সামরিক-বেসামরিক কর্মকর্তা, রাজনৈতিক ব্যক্তিত্ব, কূটনীতিক, মুক্তিযোদ্ধাদের উত্তরাধিকারী এবং জুলাই-আগস্টের গণঅভ্যুত্থানে শহিদ পরিবারের সদস্য ও আহত ব্যক্তিরা অংশ নেবেন। অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার করবে বাংলাদেশ টেলিভিশন।

ঢাকার বাইরে সাভার, বরিশাল, কক্সবাজার, বগুড়া, সিলেট, ঘাটাইল, ময়মনসিংহ, চট্টগ্রাম, যশোর, খুলনা, রংপুর ও রাজেন্দ্রপুর সেনানিবাসে বিভিন্ন কর্মসূচি ও সংবর্ধনার আয়োজন করা হয়েছে।

এ ছাড়া ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রামে নৌবাহিনীর বিশেষভাবে সজ্জিত জাহাজ দুপুর ২টা থেকে বিকেল ৪টা ৪৫ মিনিট পর্যন্ত জনসাধারণের পরিদর্শনের জন্য উন্মুক্ত থাকবে।

দিবসটি উপলক্ষে জাতীয় দৈনিকগুলোতে বিশেষ ক্রোড়পত্র প্রকাশিত হয়েছে। সশস্ত্র বাহিনী পরিচালিত শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে আয়োজন করা হয়েছে রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা।